

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ডুমুরিয়া, খুলনা।  
dumuria.khulna.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৪৭৩০.০০১.০৭.০২১.১৯- ১৭৯

তারিখ : ০৮ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ  
২০ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ

**দফাদার ও মহল্লাদার নিয়োগ বিজ্ঞপ্তি**

ডুমুরিয়া উপজেলার খর্ণিয়া, আটলিয়া, মাগুরাঘোনা, শরাফপুর, সাহস, ভাভারপাড়া, রংপুর, গুটুদিয়া ও মাগুরখালী ইউনিয়ন পরিষদের দফাদার ও মহল্লাদার এর শূন্য পদে নিয়োগ প্রদানের নিমিত্ত বর্ণিত পদে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম      | দফাদার | মহল্লাদার | ওয়ার্ড নম্বর      |
|-----------|--------------------|--------|-----------|--------------------|
| ১০.       | খর্ণিয়া ইউনিয়ন   | -      | ১ জন      | ৮নং ওয়ার্ড        |
| ১১.       | আটলিয়া ইউনিয়ন    | -      | ১ জন      | ২নং ওয়ার্ড        |
| ১২.       | মাগুরাঘোনা ইউনিয়ন | -      | ১ জন      | ৬নং ওয়ার্ড        |
| ১৩.       | শরাফপুর ইউনিয়ন    | ১ জন   | ২ জন      | ৩ ও ৪ নং ওয়ার্ড   |
| ১৪.       | সাহস ইউনিয়ন       | -      | ১ জন      | ৩নং ওয়ার্ড        |
| ১৫.       | ভাভারপাড়া ইউনিয়ন | -      | ২ জন      | ৫ ও ৬নং ওয়ার্ড    |
| ১৬.       | রংপুর ইউনিয়ন      | -      | ১ জন      | ৪নং ওয়ার্ড        |
| ১৭.       | গুটুদিয়া ইউনিয়ন  | -      | ১ জন      | ২নং ওয়ার্ড        |
| ১৮.       | মাগুরখালী ইউনিয়ন  | ১ জন   | ৩ জন      | ৪, ৭ ও ৯নং ওয়ার্ড |

শর্তাবলী :

১। দফাদার ও মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা :-

**পুরুষ প্রার্থীর ক্ষেত্রে :-**

- (ঈ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, (আ) বুকের মাপ ৩০ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)।  
(উ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।

**মহিলা প্রার্থীর ক্ষেত্রে :-**

- (ঈ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, (আ) বুকের মাপ ২৮ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।  
(উ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

- ২। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীকে অষ্টম শ্রেণি পাস বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৩। শরাফপুর ও মাগুরখালী ইউনিয়নে দফাদার পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগদান করা হবে। তবে ঐ ইউনিয়নে কর্মরত মহল্লাদার পদে ন্যূনতম ১০ বছর চকুরি করলে তিনি আবেদন করতে পারবেন। তবে মহল্লাদারদের মধ্য হতে নিয়োগদান না করা গেলে সরাসরি নিয়োগ দান করা হবে। তবে এক্ষেত্রে আবেদনকারীকে অন্যান্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৪। আবেদনকারীকে স্বহস্তে লিখিত আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রে জীবন বৃত্তান্ত যেমন নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- ৫। ০১-০৩-২০১৯ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।
- ৬। বয়স প্রমানস্বরূপ আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি বা জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি ও শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ সংযুক্ত করতে হবে।
- ৭। আবেদনপত্রের সাথে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি দাখিল করতে হবে ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদ দাখিল করতে হবে।
- ৮। আবেদন পত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ দাখিল করতে হবে।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা বরাবরে আবেদন করতে হবে।

অঃ পৃঃ দ্রঃ

- ১০। যে কোন তফসিলী ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা এর বরাবরে ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১১। আবেদনকারীকে উল্লেখিত ইউনিয়নের নির্ধারিত ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে অথবা ঐ ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ১২। আবেদনপত্র আগামী ১১-০৩-২০১৯ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে।
- ১৩। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র,কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ১৪। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত কোটা পদ্ধতি (যতদূর সম্ভব) অনুসরণ করা হবে।

(মোছাঃ শাহীনাজ বেগম)

উপজেলা নির্বাহী অফিসার

ডুমুরিয়া, খুলনা

ফোন : ০৪০২৫-৫৬০০১ (অফিস)

ফ্যাক্স : ০৪০২৫-৫৬১৬০ (অফিস)

E-mail: [unodumuria@mopa.gov.bd](mailto:unodumuria@mopa.gov.bd)

স্মারক নম্বর : ০৫.৪৪.৪৭৩০.০০১.০৭.০২১.১৯- ১৭৯/১ (১০০)

তারিখ : ০৮ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ  
২০ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

- ১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ২। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। জেলা প্রশাসক, খুলনা।
- ৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
- ৫। উপজেলা..... কর্মকর্তা (সকল), ডুমুরিয়া, খুলনা। তাঁর অফিসের নোটিশ বোর্ডে  
বহুল প্রচারের জন্য লটকানোর অনুরোধ করা হলো।
- ৬। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল), ডুমুরিয়া, খুলনা। নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নে  
ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। অফিস কপি/নোটিশ বোর্ড ওয়েব পোর্টাল।

উপজেলা নির্বাহী অফিসার

ডুমুরিয়া, খুলনা

২৫/২/১৯